দৈনিক সংবাদ

৩৭

তারিখ 14 SEP 1989
পৃষ্ঠা ... কলাম ...

৬৩

# শিক্ষকদের প্রাইভেট পড়ানো নিষিদ্ধ করা হবে

॥ প্রফুল্ল কুমার ভক্ত ॥

সরকারী এবং সরকারী-অনুদানপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের জন্য প্রাইভেট পড়ানো নিষিদ্ধ করা হবে। এই ব্যাপারে সরকারী মহলে চিন্তাভাবনা হচ্ছে। সর্বনিম্ন থেকে সর্বোচ্চ পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ সিদ্ধান্ত কার্যকর করা হতে পারে বলে শিক্ষা মন্ত্রণালয়ের একটি দায়িত্বশীল সূত্রে জানা গেছে।

গতকাল, বুধবার সকালে বাংলাদেশ সচিবালয়স্থ কার্যালয়ে শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরীর সঙ্গে আলাপ করা হলে তিনি জানান: এ ব্যাপারে একটি সিদ্ধান্ত নেয়ার সময় এসেছে। কারণ শিক্ষার মান অনেক নীচে নেমে গেছে। এক শ্রেণীর শিক্ষক শিক্ষাকে পণ্যের মতো বিক্রি করছেন। অপরদিকে কতিপয় ব্যক্তির হাতে শিক্ষা জিম্মি হয়ে পড়েছে। সাধারণ মানুষের ছেলে-

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

## প্রাইভেট পড়ানো

(১ম পাতার পর)

মেয়েদের জন্য শিক্ষার দ্বার বন্ধ হয়ে যাচ্ছে বলে তিনি উল্লেখ করেন।

শিক্ষকদের বেতন তুলনামূলক কম, তারা প্রাইভেট পড়িয়ে বাড়তি কিছু রোজগার করেন। এই দুর্মূল্যের বাজারে সে সুযোগ থেকে বঞ্চিত করা হলে তাদের অসুবিধা হবে—এই বক্তব্যের জবাবে প্রতিমন্ত্রী বলেন: সমমানের চাকরিজীবীদের চেয়ে শিক্ষকদের বেতন এবং সুযোগ-সুবিধা আজ আর কম নয়।